সংবাদ

তারিখ ... 10|6|83 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

001

# ২টি ল' কলেজের স্বীকৃতি বাতিল ।। ছয়টিকে কারণ দর্শাও নোটিশ

(বিশেষ প্রতিনিধি)

ঢাকা বিশ্ববিদ্যালয় দু'টি ল' কলেজের অনুমোদন বাতিল করে দিয়েছেন।

মাদারীপুর ও ভোলায় অবস্থিত এ দুটি কলেজে উপযুক্ত শিক্ষক, আইন বইয়ের ভাল লাইব্রেরী ও যুক্তিসঙ্গত ফাণ্ড নেই বলেই অনুমোদন বাতিল করা হয়েছে। এছাড়া, কলেজ দু'টির পরীক্ষায় নকল হয়েছে বলেও বিশ্ববিদ্যালয়ের নিকট অভিযোগ আসে।

আরো ৬টি ল' কলেজের অনুমোদন কেন বাতিল করা হবে না, তার কারণ দর্শানোর জন্য সংশ্লিষ্ট কলেজগুলোর কর্তৃপক্ষের কাছে নোটিশ প্রদান করা হয়েছে। এ সব

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ২টি ল' কলেজ

(১ম পাতার পর)

কলেজের বিরুদ্ধেও উপরোক্ত অভিযোগসমূহ পাওয়া গেছে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ৯১টি ল' কলেজ আছে। এর মধ্যে ঢাকা শহরেই ৫টি কলেজ রয়েছে। রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে ১১টি ল' কলেজ রয়েছে।

কর্তৃপক্ষীয় সূত্রে জানা যায় যে, আইন পরীক্ষায় নকলের অপরাধে ১৯৭৯ সালে ৩শ' ২৬ জন এবং ১৯৮১ সালে ৩শ' ছাত্রকে শাস্তি দেয়া হয়েছে।